শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY

শ্রীমঙ্গল, মৌলভীবাজার

ISO 9001:2015 Certified

০৮৬২৬ ৭১৪৫৫ @ mbazar_pbs@yahoo.com

pbs.moulvibazar.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০২.০০৮.২২.৪২২৮

তারিখঃ ২২ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
০৬ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতিতে "কাজ নাই মজুরী নাই" এ শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মহিলাদের জন্য সংরক্ষিত "বিলিং সহকারী" পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতা সম্পন্ন কেবলমাত্র মৌলভীবাজার জেলায় স্থায়ীভাবে বসবাসরত মহিলা নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের নামের পার্শ্বে শূন্য পদের সংখ্যা, প্রার্থীর বয়সসীমা, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করা হলোঃ

| ক্রমিক নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মজুরী |
|---|---|---|---|---|---|
| ০১ | বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" (মহিলাদের জন্য সংরক্ষিত) | ১৩(তেরো) টি (কম/বেশী হতে পারে) | ০৬/০৮/২০২২ খ্রিঃ তারিখে ন্যূনতম ১৮ এবং সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর। | (ক) এস,এস,সি বা সমমান ও এইচ,এস,সি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং দাপ্তরিক যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞতা আবশ্যক।<br>(গ) প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০(দশ) ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০(ত্রিশ)টি শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। | দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা। |

**শর্তাবলীঃ ( আবেদনপত্র দাখিলের নিয়মাবলী )**

০১। আবেদনকারীগণকে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (pbs.moulvibazar.gov.bd) হতে আবেদন ফরম(ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোডপূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ৩১/০৮/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। ওয়েব সাইট হতে ডাউন লোডকৃত আবেদন ফরম ব্যতিত সাদা কাগজে, টাইপকৃত, অসম্পূর্ণ বা ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস ব্যতিত সরাসরি কিংবা ৩১/০৮/২০২২ খ্রিঃ তারিখের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

০২। নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদন পত্র দাখিল করতে হবেঃ

(ক) ওয়েব সাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।

(খ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।

(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (মার্ক শীট ও প্রশংসা পত্র গ্রহণ যোগ্য নয়)।

(ঘ) কম্পিউটার পরিচালনার সনদ।

(ঙ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

(চ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদ।

(ছ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

**সকল কাগজপত্র ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।**

(জ) জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৩। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি সনদ বিবেচিত হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদন পত্রের সাথে প্রমাণ স্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদের (সরকারী সর্বশেষ নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) সত্যায়িত কপি দাখিল করতে হবে। বয়স প্রমাণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। অত্র সমিতির কর্মচারী(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী(গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালক(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) অত্র সমিতিতে কোনো নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৫। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**০৬। এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এবিষয়ে কোন দাবী গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।**

০৭। খামের উপর প্রার্থীত পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। প্রার্থীকে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিসে/সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১০। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই/নির্বাচিত করা হবে। এছাড়া নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাক যোগে প্রেরিত প্রবেশপত্র ও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নাম্বারে SMS এর মাধ্যমে জানানো হবে।

১২। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪। অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

০৬-০৪-২১

( প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন )
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি এর দপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। পুলিশ সুপার, মৌলভীবাজার।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................................................ পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, মৌলভীবাজার।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ................................ উপজেলা, মৌলভীবাজার।
১০। ডিজিএম, রাজনগর/সদর দপ্তর-কারিগরি/মৌলভীবাজার/কমলগঞ্জ/বড়লেখা জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
১১। এজিএম(ওএন্ডএম), কুলাউড়া সাব জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
১২। এজিএম(সদস্য সেবা/প্রশাসন/অর্থ-হিসাব/ইএন্ডসি/আইটি/এইচআর/ওএন্ডএম/অর্থ-রাজস্ব), মৌলভীবাজার পবিস।
১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), মৌলভীবাজার পবিস (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৪। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, মৌলভীবাজার পবিস।
১৫। অফিস ফাইল/মাস্টার ফাইল।

০৬-০৪-২১

( প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন )
জেনারেল ম্যানেজার

০৪। অত্র সমিতির কর্মচারী(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী(গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/ মহিলা এলাকা পরিচালক(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) অত্র সমিতিতে কোনো নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৫। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**০৬। এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এবিষয়ে কোন দাবী গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।**

০৭। খামের উপর প্রার্থীত পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। প্রার্থীকে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিসে/সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১০। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই/নির্বাচিত করা হবে। এছাড়া নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাক যোগে প্রেরিত প্রবেশপত্র ও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নাম্বারে SMS এর মাধ্যমে জানানো হবে।

১২। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪। অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৬-০৮-২২

( প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন )
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি এর দপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
০৪। তত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। পুলিশ সুপার, মৌলভীবাজার।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................................................ পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, মৌলভীবাজার।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, .............................. উপজেলা, মৌলভীবাজার।
১০। ডিজিএম, রাজনগর/সদর দপ্তর-কারিগরি/মৌলভীবাজার/কমলগঞ্জ/বড়লেখা জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
১১। এজিএম(ওএন্ডএম), কুলাউড়া সাব জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
১২। এজিএম(সদস্য সেবা/প্রশাসন/অর্থ-হিসাব/ইএন্ডসি/আইটি/এইচআর/ওএন্ডএম/অর্থ-রাজস্ব), মৌলভীবাজার পবিস।
১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), মৌলভীবাজার পবিস (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৪। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, মৌলভীবাজার পবিস।
১৫। অফিস ফাইল/মাস্টার ফাইল।

০৬-০৮-২২

( প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন )
জেনারেল ম্যানেজার